

- ৩। ক) ‘গীতিকাব্য’ প্রবন্ধের প্রথমাংশে বঙ্কিমচন্দ্র বিভিন্ন রচনার নামোল্লেখ করে সেগুলির মধ্যে যেভাবে কাব্য ও নাটকের মাত্রা-পরিমাণ নির্দেশ করেছেন, তার বিবরণ দাও। বঙ্কিমচন্দ্রের বক্তব্যের ভিত্তিতে গীতিকাব্যের সংজ্ঞা দাও।

অথবা

- খ) ‘বাজে কথা’ শীর্ষক প্রবন্ধে রবীন্দ্রনাথ কীভাবে অনাবশ্যিকতাকে তত্ত্বমূল্য দান করেছেন, তা ব্যাখ্যা করো।
- ৪। ক) রবীন্দ্রনাথের গৃহীত নানান সিদ্ধান্ত এবং পদক্ষেপ রবীন্দ্রনাথের জীবনকে আমাদের কাছে দৃষ্টান্তমূলক করে তুলেছে — অন্নদাশঙ্কর রায়ের ‘জীবনশিল্পী রবীন্দ্রনাথ’ প্রবন্ধ অবলম্বনে সেই পদক্ষেপ ও সিদ্ধান্তগুলি সম্পর্কে আলোচনা করো।

অথবা

- খ) রবীন্দ্রনাথের উত্তরসাধক হয়ে জন্মানোর জন্য রবীন্দ্রনাথ-অনুবর্তী কবিদের যে সঙ্কটের মুখোমুখি হতে হয়েছে তা বুদ্ধদেব বসুর ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

কলা স্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২২

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা

কোর্স : CBCS/UG/GE/4.8

বাংলা গল্প ও গদ্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ১। ক) ‘পোস্টমাস্টার’ গল্পে রতন ও পোস্টমাস্টারের সম্পর্ককে তুমি কীভাবে পড়তে চাও জানাও।

অথবা

- খ) ‘একরাত্রি’ উনিশ শতকের নিম্ন-মধ্যবিত্ত বাঙালি যুবকের ব্যক্তিগত জীবনের পরাভবের কাহিনি। গল্প অবলম্বনে আলোচনা করো।

অথবা

- গ) ‘সুভা’ গল্পে মুক সুভার চরিত্রচিত্রণে রবীন্দ্রনাথের সমাজ-ভাবনার যে প্রকাশ ঘটেছে তা আলোচনা করো।

- ২। ক) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের গল্পে মানুষের প্রবৃত্তির বিচিত্র প্রকাশ কীভাবে ধরা পড়েছে তা তোমার পাঠ্য দুটি গল্প অবলম্বনে ব্যাখ্যা করো।

অথবা

- খ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ‘অগ্রদানী’ গল্পে মানুষের লোভ ও হীনতার ছবির পাশাপাশি অসহায়তার করুণ চিত্র কীভাবে ফুটে উঠেছে তা বিশ্লেষণ করে দেখাও।